

পুনঃনিয়োগপ্রাপ্ত ইংরেজী শিক্ষকদের দুর্দিন ॥ ১০ মাস বেতন নেই

ভোম্বী সংবাদদাতা ॥ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের চুক্তি ভিত্তিক পুনঃনিয়োগপ্রাপ্ত ইংরেজী শিক্ষকদের ১০ মাস বেতন নেই।

অংশ না পেয়ে চরম দুঃস্বপ্নের মধ্যে দিন কাটাচ্ছেন।

সম্প্রতি বেসরকারী শিক্ষকদেরকে গত জুলাই মাসের মধ্যে গৃহ বকেয়া বেতন ব্যাংক থেকে উত্তোলন করার জন্য নির্দেশ দেয়া হয়েছে। কিন্তু পুনঃনিয়োগপ্রাপ্ত শিক্ষকদের বকেয়া বেতনের অনুকূলে সরকারী ছাড়পত্র ব্যাংকে আসেনি।

শিক্ষা মন্ত্রণালয়ে বেসরকারী মাধ্যমিক স্তর কলেজে ঘাটৌর্ধ রয়সেব ইংরেজী শিক্ষককে অবসর গ্রহণের পর পয়ষট্টি বৎসর বয়স পর্যন্ত তিন কিছিতে পুনঃনিয়োগ অনুমোদন করে। পুনঃনিয়োগকৃত শিক্ষকদের সর্বশেষ বেতন কেলে বেতন পাওয়ার কথা।

ভোলা জেলার মোট ১০ জন পুনঃনিয়োগপ্রাপ্ত ইংরেজী বিষয়ের শিক্ষক গত অক্টোবর ২০০১ থেকে গত জুলাই ২০০২ পর্যন্ত ১০ মাসের বেতনের সরকারী অংশ পাচ্ছে না। সার্বাঙ্গশে গত ১০ মাস বেতন না পাওয়া পুনঃনিয়োগপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা হবে ৬৭'র মত।